

সম্মানিত গ্রাহক,

আস্সালামু আলাইকুম।

আইএফআইসি ব্যাংক লিমিটেড-এর পক্ষ থেকে অশেষ শুভকামনা।

এই বার্তাটি যখন পড়ছেন তখন আমরা সবাই সচেতনতা, মিলিত শক্তি ও প্রচেষ্টা দিয়ে এক বৈশ্বিক মহামারি মোকাবিলা করছি।

বিগত দিনের মতোই আপনাকে গ্রাহকবান্ধব ব্যাংকিং অভিজ্ঞতা দেয়ার জন্যে আমরা নিরন্তর কাজ করে চলেছি। তবে এ সময়টিতে ব্যাংকের সব গ্রাহক ও কর্মীর নিরাপত্তার কথাও বিশেষ বিবেচনায় রাখতে হচ্ছে। প্রতিকূলতা সত্ত্বেও আমাদের অধিকাংশ শাখা খোলা রাখা হয়েছে। পরিস্থিতির উন্নতির সাথে সাথে সব শাখা ও উপশাখা পর্যায়ক্রমে খুলে যাবে।

আপনাদেরকে আরো বেশি সুবিধা ও স্বাচ্ছন্দ্য দেয়ার লক্ষ্যে আমরা আইএফআইসি ব্যাংক ডেবিট কার্ডের মাধ্যমে দেশের যেকোনো ব্যাংকের যেকোনো এটিএম বুথ থেকে কোনো চার্জ ছাড়াই টাকা উত্তোলনের বিশেষ ব্যবস্থা রেখেছি। পাশাপাশি আইএফআইসি কার্ড দিয়ে নিরাপদে অনলাইন কেনাকাটা ও লেনদেন করার সুবিধা তো আছেই। আইএফআইসি ডিজিটাল ব্যাংকিং প্ল্যাটফর্ম ‘আমার ব্যাংক’-এর মাধ্যমে সপ্তাহে ৭ দিন ২৪ ঘণ্টাই লেনদেন-সহ বিবিধ ব্যাংকিং সেবা গ্রহণ করতে পারেন। আমাদের বিস্তৃত কাস্টমার কেয়ার সেন্টারে নিবেদিত কর্মীরা দিনরাত ১৬২৫৫ ও ০৯৬৬৬৭১৬২৫৫ নাম্বারে প্রস্তুত আপনাকে সাহায্য করার জন্যে। বর্তমান অবস্থার প্রেক্ষিতে শুধু আপনার মতো সকল গ্রাহকের পাশে থাকার জন্যেই আমরা প্রধান কার্যালয়ে বিশেষ হেল্প ডেক্স স্থাপন করেছি।

সবার ভালোর জন্যেই সংকটকালীন কিছু সীমাবদ্ধতাকে মেনে নিতে হয়েছে আমাদের। এ সময় ধৈর্য নিয়ে সাথে থাকবার জন্যে আপনাকে অনেক ধন্যবাদ! আস্থা রাখবেন। জানবেন, সাড়ে তিন হাজার আইএফআইসি কর্মী আছে আপনার সেবায়, আপনার পাশে, সবসময়।

আইএফআইসি ব্যাংক-এর পক্ষ থেকে আমরা আপনার এবং আপনার পরিবারের প্রত্যেকের সুস্থিতা ও মঙ্গল কামনা করেছি।

নিরাপদ থাকুন, ভালো থাকুন।

বিনীত,



শাহ এ সারওয়ার

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী
আইএফআইসি ব্যাংক লিমিটেড